

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ/৩০ মে, ২০১৯ খ্রিস্টাব্দ।

এস.আর.ও. নং ১৫৫-আইন/২০১৯/২৪/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, এই বিভাগের ১৮ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ মোতাবেক ১ জুন ২০১৭ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও. নং- ১৫৫-আইন/২০১৭/৪১/কাস্টমস এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

(১) TABLE-I এর কলাম (1) এ উল্লিখিত Heading 83.11 এবং উহার বিপরীতে কলাম (2) ও (3) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ Heading এবং উহার বিপরীতে কলাম (2) ও (3) এ উল্লিখিত এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথা:-

“84.09 8409.99.90 Carburetor”;

(২) TABLE-II এর কলাম (1) এ উল্লিখিত Heading-

(ক) 84.07 এবং উহার বিপরীতে কলাম (2) ও (3) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ Heading এবং উহার বিপরীতে কলাম (2) ও (3) এ উল্লিখিত এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:-

“84.21 8421.31.00 Air filter”; এবং

(খ) 87.14 এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত H.S.Code “8714.10.90” এর বিপরীতে কলাম (3) এ উল্লিখিত “Lever complete gear shifter” এন্ট্রির পর নিম্নবর্ণিত H.S.Code ও উহার বিপরীতে কলাম (3) এ উল্লিখিত এন্ট্রি সন্নিবেশিত হইবে, যথা:-

“8714.10.90 Motorcycle brakes”।

২। ইহা ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি
সিনিয়র সচিব